

২০২৫

## বাংলা

(মেজর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-MJ-T-4

(মধ্যযুগের কাব্য ও কবিতা)

[NEP-2020]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$ 

ক) মাথুর বলতে কী বোঝো?

খ) 'পেখলু' শব্দের বাংলা কী? এটি কোন ভাষার শব্দ?

গ) পূর্বরাগের সংজ্ঞা দাও।

ঘ) "আজু রজনী হাম ভাগে পোহায়লু" — কোন পর্যায়ের পদ? পদকর্তা কে?

ঙ) কৃষ্ণিবাসী রামায়ণ কোন সময়ের রচনা?

চ) রাবণের পূর্ব জীবনের ঘটনা কে কাকে গুনিয়েছিলেন?

ছ) রাবণের পিতা মাতার পরিচয় দাও।

জ) অরণ্য রাজার পরিচয় দাও।

ঝ) কী কারণে ইন্দ্রজিৎ-ই লক্ষণ-বধ করতে সমর্থ হন?

এও) কবি ভারতচন্দ্রের জন্ম মৃত্যু সম্পর্কে কী জানো?

ট) ব্যাসকাশী কোথায়?

[পরের পাতায়]

- ঠ) শান্ত পদাবলীর চারজন কবির নাম লেখো।
- ড) “ওরে নবমী-নিশি, না হইও রে অবসান” — নবমী নিশির কাছে কবি কী প্রার্থনা করেছেন?
- ঢ) “শুকনো তরু মুঞ্জরে না”— বলতে কী বোঝানো হয়েছে?
- ণ) “নগর পুড়িলে দেবালয় কি এড়ায়” — প্রকৃত অর্থ কী?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$
- ক) তোমাদের পাঠ্য বলরাম দাসের পদটির কাব্য সৌন্দর্য বিচার করো।
- খ) বালি-রাবণের যুদ্ধ প্রসঙ্গ সংক্ষেপে লেখো।
- গ) বেদবতী কে? তিনি কাকে কী অভিশাপ দেন?
- ঘ) প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ ‘ভক্তের আকৃতি’ পর্যায়ের পদের বৈশিষ্ট্য লেখো।
- ঙ) অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনীর কথোপকথনের তাৎপর্য বিশ্লেষণ করো।
- চ) হরিহোড়ের বৃত্তান্ত সংক্ষেপে লেখো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$
- ক) তোমাদের পাঠ্য অভিসার পর্যায়ের পদটির দার্শনিকতা ও কাব্য সৌন্দর্য বিশ্লেষণ করো।
- খ) লবকুশের সঙ্গে শ্রীরাম ও তার ভাইদের যুদ্ধের বিবরণ দাও। যুদ্ধক্ষেত্রে কী হয়েছিল?  $৮ + ২$
- গ) আগমনী ও বিজয়া পর্যায়ের পদগুলির মধ্যে বাঙালির পারিবারিক ও সামাজিক জীবনের যে ছবি প্রতিফলিত তা পাঠ্য পদ অবলম্বনে পরিস্ফুট করো।
- ঘ) অন্নদামঙ্গল কাব্যকে ‘নতুন মঙ্গল’ কেন বলা হয় তা যুক্তিসহ লেখো।